

କୋଡ଼ିଗାନ

କିମ୍ବା ମହାନ

সଂପାଦନা

ନିରୁତ୍ୟମ ଆଚାର୍

ବୋଲ୍ଡର୍ ଗ୍ରେନାଡ଼

କିମ୍ବା ମହାନ୍

ISBN 978-93-93085-01-6



9 789393 085016



Scanned with OKEN Scanner

ছোটোগল্প : বিবিধ সন্ধান

সম্পাদনা

নিরূপম আচার্য



কলাবতী বুক পাবলিশিং

১৯৪, গোরক্ষবাসী রোড, কলকাতা-৭০০০২৮

ছোটোগল্প-১

Choto Galpo : Bibidha Sandhan
Collection of Research Paper on Short Stories

ISBN : 978-93-93085-01-6

প্রকাশক : শতাব্দী আচার্য
কলাবতী বুক পাবলিশিং
১৯৮, গোরক্ষবাসী রোড
কলকাতা-৭০০০২৮

প্রথম প্রকাশ : জানুয়ারি, ২০২২

গ্রন্থস্বত্ত্ব : সম্পাদক

প্রচ্ছদ : প্রণব হাজরা

বর্ণপ্রতিশ্থাপন :
মেগাবাইট
১০, বামাপুরু লেন
কলকাতা-৭০০০০৯

মুদ্রক :
সাইবার প্রাফিক্স
৩২/১, নয়াপাড়া লেন
বরানগর, কলকাতা-৩৬

মুদ্রণ নং ২০ পাকা

সূচিপত্র

১.	‘জাল স্পন্দন, স্পন্দনের জাল’ সময়ের অন্তঃস্বর—প্রসেনজিৎ রায়	৯
২.	সুবোধ ঘোষের ‘পরশুরামের কুঠার’ গল্পের ধনিয়া : মাতৃত্বের নতুন রূপ —স্বাগতা গুপ্ত	১৪
৩.	আশাপূর্ণ দেবীর ছোটোগল্পের ভাষাশৈলী একটি অধ্যয়ন—অভিজিৎ সাহা	১৯
৫.	নিঃসঙ্গ জীবনের ইতিবৃত্ত জ্যোতিরিন্দ্র নন্দীর চোর—পূজা দাস	২৭
৬.	তেভাগা আন্দোলনে নারীর ভূমিকা বাংলা সাহিত্যের নির্বাচিত ছোটোগল্পের প্রেক্ষিত—পূর্ণিমা সাহা	৩৩
৭.	রবীন্দ্র ছোটোগল্পের সংক্ষিপ্ত ধারাভাষ্য হিতবাদী থেকে সবুজ পত্র —মাস্পি দেবনাথ	৪২
৮.	বনফুলের শ্রীপতি সামন্ত জাত্যাভিমানের দলিল—মোঃ মিজানুর হক	৪৮
৯.	আফসার আমেদের ‘প্রেমে-অপ্রেমে গল্পে মুসলমান নারীর রাজনৈতিক উত্থান —মাবুদ সেখ	৫৭
১০.	সমরেশ বসুর মানুষ রতন : শহরের প্রাণিক মানুষের মুখ্যপত্র —তাহামিজা খাতুন	৬৩
১১.	মার্কসীয় শ্রেণিদ্বন্দ্ব ও মধ্যবিভেতের অবস্থান প্রসঙ্গ সুবোধ ঘোষের ছোটোগল্প —স্বরূপ দত্ত	৭১
১২.	শ্যামল গঙ্গোপাধ্যায়ের ছোটোগল্পে ম্যাজিক রিয়ালিজম—অমর বিশ্বাস	৭৭
১৩.	‘রঙ্গে-ব্যঙ্গে’ ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায় বাংলা ছোটোগল্পের আঙিনায় —রণজিৎ কুমার বাটুলিয়া	৮৪
১৪.	সুচিত্রা ভট্টাচার্যের ছোটোগল্প : তৎকালীন সমাজ জীবন—দীপেন মণ্ডল	৯৮
১৫.	ল্যাবরেটরি নারীত্বের নতুন দিগন্তের উন্মোচন—বীরেশ মণ্ডল	১০৫
১৬.	সৈয়দ মুস্তাফা সিরাজের ছোটোগল্প সর্বজনীনতার অন্বেষণ—মিন্টু নক্ষর	১১২
১৭.	বিভূতিভূষণের ‘পুরুষাচা গল্প’—জুলিয়েট দীপা বিশ্বাস	১২৯
১৮.	একরাত্রি (সাধনা, জ্যৈষ্ঠ ১২৯৯ বঙ্গাব্দ) : পিপাসার্ত বোৰা হৃদয়ের আলেখ্য —সঘিতা সামন্ত ও সৌরভ বোস	১৩৭
১৯.	প্রেমেন্দ্র মিত্রের ‘স্টোভ’, মহাবিস্ফোরণের প্রত্যাশা জাগিয়ে আগ্নেয়গিরির ঘূর্মিয়ে পড়ার গল্প—তঞ্চী রায়	১৪৫
২০.	শ্যামল গঙ্গোপাধ্যায়ের নির্বাচিত ছোটোগল্পে জটিল জীবন সমস্যা —সুদেব বিশ্বাস	১৫১
২১.	পাশফেল : যুব-সমাজের জীবন-যন্ত্রণার রূপায়ণ—চন্দনা মজুমদার	১৫৭
২২.	‘রাজার টুপি’ : মধ্যবিভেত জীবনের টানাপোড়েনের গল্প (অতীন বন্দ্যোপাধ্যায়) —শান্তনু মণ্ডল	১৭৪

সৈয়দ মুস্তাফা সিরাজের ছেটোগল্প

সর্বজনীনতার অব্যবহৃত

মিন্টু নক্র

ভারতীয় আলংকারিকরা কাব্যের আত্মানুসন্ধানে যাত্রা করে অচিরেই বুঝেছিলেন বাক্যের শব্দ আর অর্থের সহিতত্বকে অলংকারে সজ্ঞিত করে তুললেও তা যথার্থ কাব্য হয়ে ওঠে না। কাব্যের স্বরূপ সন্ধানে তাই তাঁরা আরও গভীরে যাত্রা করলেন, দেখলেন কাব্য হল একটি বিশিষ্ট পদবচনা রীতি, যা ‘ব্যঙ্গ’ অর্থাৎ ধ্বনির সমন্বয়ে গঠিত। এখানেই তাঁরা থেমে না থেকে আরও এগিয়ে গেলেন, উপলব্ধি করলেন এই ধ্বনির মধ্যে থাকা ব্যঙ্গনা কাব্যের বাচ্যার্থকে বস্ত্র ও অলংকারের অতীত এক অনুভূতির জগতে পৌঁছে দেয়। এই অনুভূতির মূলে রয়েছে ‘রস’। আলংকারিকদের ভাষায় রস হল ‘সহাদয়হৃদয়সংবাদী’।¹ সহজ কথায়; সহাদয় পাঠকমনের অনুভূতিবিশেষ রস। রসোভীর্ণ হলে তবেই সেই কাব্য বা সাহিত্য সার্থক এবং সর্বজনীন হয়ে ওঠে। সুতরাং কাব্যের আত্মানুসন্ধান করতে গিয়ে প্রাচ্য আলংকারিকরা একদিকে যেমন যথার্থ সাহিত্যের স্বরূপ উন্মোচন করেছেন, তেমনি অন্যদিকে সেই সাহিত্য কীভাবে সর্বজনীন হয়ে ওঠে সেই তত্ত্বকেও প্রতিষ্ঠিত করেছেন। একালের পাশ্চাত্য তাত্ত্বিকরা ভারতীয় আলংকারিকদের এই মতবাদকে স্বীকার করে নিয়ে Universality-র ধারণাকে আরও সুনির্দিষ্ট করে ব্যাখ্যা দিতে গিয়ে বলেছেন;

That Quality in a work of art which enables it to transcend the limits of the particular situation— place— time— person and incident in such a way that is may be of interest— pleasure and profit Sin the non commercial senceV to all people at any time in any place. 2

সুতরাং যে-কোনো সাহিত্য বা শিল্পকে রসোভীর্ণ বা সর্বজনীন হতে গেলে তার মধ্যে বিশেষ কতগুলি গুণাবলী বা ‘Quality’ থাকা একান্ত প্রয়োজন। বিশেষত সেই সাহিত্য যদি কোনো বিশেষ আঞ্চলিক সীমাসংহতিকে কেন্দ্র করে রচিত হয়, তাহলে সেই সাহিত্যিককে বিশেষ কতকগুলি বিষয়ে যত্নবান হতে হয়। কারণ আঞ্চলিক সাহিত্য বা Regional literature- এর পরিধি কিছুটা সীমিত। সেখানে লেখককে;

১. একটি বিশেষ স্বাতন্ত্র্যযুক্ত ভূখণ্ডকে কেন্দ্র করে লেখনী ধারণ করতে হয়।